দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 21 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

3

# ১০ দফা দাবীতে পলিটেকনিক শিক্ষকদের মৌন মিছিল ও স্মারকলিপি পেশ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি, চট্টগ্রাম শাখার উদ্যোগে গত সোমবার প্রতিবাদ সভা, মৌন মিছিল ও জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান করা হয়। সকাল ১১টায় পলিটেকনিক ক্যাম্পাসে সংগঠনের সভাপতি মিনাল কান্তি বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় কেন্দ্রীয় ও জেলা নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তাগণ কারিগরি শিক্ষার প্রতি প্রশাসনের নানা রকম অবহেলার সমালোচনা করেন এবং অবিলম্বে মহাপরিচালকের অপসারণ দাবী করেন। নেতৃবৃন্দ বলেন, সরকারের সাদিচ্ছা থাকা সত্ত্বেও মহাপরিচালকের ষড়যন্ত্রের কারণে ৩ বছরের ডিপ্লোমা কোর্সকে ২ বছরে উন্নীত করা হয়নি। ২০টি নতুন পলিটেকনিক ও ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপনে নানা রকম প্রতিবন্ধকতা সৃষ্টি করছেন বলেও মহাপরিচালকের বিরুদ্ধে অভিযোগ করা হয়।